# নারায়ণগঞ্জে প্রিপেইড মিটার বাতিলের দাবিতে গণঅনশন




নিজস্ব প্রতিনিধি

নারায়ণগঞ্জে প্রিপেইড মিটার বাতিলের দাবিতে ও অতিরিক্ত বিলের প্রতিবাদে গণঅনশন করেছে নারায়ণগঞ্জ নাগরিক অধিকার ফোরাম।গতকাল মঙ্গলবার (২৫ আগস্ট) সকাল থেকে দুপুর পর্যন্ত নারায়ণগঞ্জ প্রেসক্লাব প্রাঙ্গণে এই গণঅনশনের আয়োজন করা হয়। গণঅনশন কর্মসূচিতে বক্তারা বলেন, বিগত ফ্যাসিস্ট সরকারের আমলে নেওয়া হাজার হাজার কোটি টাকার ইভিএম বাতিল হলে প্রিপেইড মিটার কেন বাতিল হবে না। যেসব এলাকায় প্রিপেইড মিটার লাগানো হয়েছে তাদের দুর্ভোগের শেষ নেই।

সাধারণ গ্রাহকদের ওপর একতরফাভাবে প্রিপেইড মিটার চাপিয়ে দেওয়ার চেষ্টা করলে এর পরিণতি ভালো হবে না। ইতোমধ্যে বিভিন্ন এলাকায় প্রিপেইড মিটারের বিরুদ্ধে গণপ্রতিরোধ শুরু হয়ে গেছে। অবিলম্বে প্রিপেইড মিটার বাতিল করতে হবে। ফ্যাসিস্ট সরকারের গণবিরোধী প্রিপেইড মিটার প্রকল্প বাতিল না করলে, ভবিষ্যতে কোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি সৃষ্টি হলে এর দায় বর্তমান সরকারকে নিতে হবে। এদিকে দুপুরের কর্মসূচিতে সংহতি প্রকাশ করে পানি পান করিয়ে গণঅনশন ভঙ্গ করান নারায়ণগঞ্জ পাঁচ আসনের এমপি অ্যাডভোকেট আবুল কালাম। এ সময় তিনি বলেন, আপনাদের দাবির সঙ্গে আমি একাত্মতা পোষণ করছি। আপনাদের দাবি আমি জাতীয় সংসদে উত্থাপন করার চেষ্টা করবো। আশাকরি আলোচনার মাধ্যমে বিষয়টি সমাধান হবে। এ সময় উপস্থিত ছিলেন, নারায়ণগঞ্জ প্রেস ক্লাবের সাবেক সভাপতি অ্যাডভোকেট মাহাবুবুর রহমান মাসুম, নারায়ণগঞ্জ নাগরিক অধিকার ফোরামের আহ্বায়ক অ্যাডভোকেট মাহবুবুর রহমান ইসমাইল, অ্যাডভোকেট জাহাঙ্গীর আলম জাগু, বীর মুক্তিযোদ্ধা রমজানুল রশিদ, জেলা দোকান মালিক সমিতির সভাপতি মো. শাহজাহানসহ নারায়ণগঞ্জ নাগরিক অধিকার ফোরামের নেতৃবৃন্দ, বিভিন্ন এলাকায় পঞ্চায়েত, মসজিদ কমিটি ও দোকান মালিক সমিতির নেতৃবৃন্দ।




# খুলনা নগরবাসীকে আমরা নিরাপদ সুস্থ রাখতে চাই ঃ কেসিসি প্রশাসক

আনন্দ কুমার স্বর, খুলনা

খুলনা সিটি কর্পোরেশনের প্রশাসক বলেছেন, আমরা নগরবাসীকে নিরাপদ ও সুস্থ্য রাখতে চাই। বিশ্ব স্বাস্থ্য সংস্থা বিগত ৩ মাস পূর্বে বাংলাদেশে ডেঙ্গু সংক্রমণ ব্যপক হারে বৃদ্ধি পাবে বলে সতর্ক করেছিল। সরকারের নির্দেশনা মোতাবেক ডেঙ্গুর প্রাদুর্ভাব রোধে তখন থেকে কেসিসি ব্যপক কর্মসূচি গ্রহণ করে। প্রচার প্রচারণার মাধ্যমে নগরবাসীকে অবহিত করা, পরিচ্ছন্নতা অভিযান জোরদার ও ড্রেন, নর্দমা, খাল, পরিষ্কার করা এবং ফগার মেশিনের মাধ্যমে এ্যাডাল্টিসাইড ও ড্রেন-নর্দমায় লার্ভিসাইড স্প্রে করা হচ্ছে। এছাড়াও ক্রাশ প্রোগ্রাম চালু করা হয়েছে।

কেসিসির প্রশাসক নজরুল ইসলাম মঞ্জু মঙ্গলবার সকালে সোনাডাঙ্গা আবু বক্কার খান আদর্শ (রেজিঃ) প্রাথমিক বিদ্যালয়ে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফ্রি মেডিকেল ক্যাম্পের চিকিৎসা কার্যক্রমের উদ্বোধন করেন। স্বল্প আয়ের পরিবারের আবাসস্থলের নিকটবর্তী মেডিকেল ক্যাম্পগুলি স্থাপন করা হয়েছে। ক্যাম্পগুলিতে ডেঙ্গু জ্বরসহ সকল প্রকার জ্বরে আক্রান্ত নারী, পুরুষ ও শিশুদের বিনামূল্যে প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান করা হবে। পরে প্রশাসক রূপসা ভেড়িবাধ এলাকায় হাজী আবু হানিফ মাদরাসা ও এতিমখানা এবং টুটপাড়া তালতলা মাতৃসদন হাসপাতালে স্থাপিত মেডিকেল ক্যাম্পের চিকিৎসা কার্যক্রম পরিদর্শন করেন। প্রশাসক মেডিকেল ক্যাম্পে আগত রোগীদের সাথে কথা বলেন এবং পরিবারের কোন সদস্য জ্বরে আক্রান্ত হলে বিনামূল্যে চিকিৎসা গ্রহণের আহবান জানান।

কেসিসি প্রশাসক আরো বলেন, ডেঙ্গু সংক্রমণের হার হিসেব করে এলাকাভিত্তিক রেড, অরেঞ্জ ও ইয়েলো জোনে ভাগ করে ক্রাশ প্রোগ্রামের আওতায় এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে মোবাইল কোর্ট পরিচালিত হচ্ছে, বাড়ির আঙ্গিনা অপরিচ্ছন্ন থাকা ও এডিস মশার উৎপত্তি স্থল পাওয়া গেলে জরিমানা করার পাশাপাশি বাড়ির মালিকদের সতর্ক করা হচ্ছে।

কেসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা রাজিব আহমেদ, সচিব মোঃ রেজা রশীদ, প্রধান প্রকৌশলী মশিউজ্জামান খান, প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা মোঃ আনিসুর রহমান, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. শরীফ শাম্মিউল ইসলাম, সমাজসেবক সাদিজুর রহমান সবুজ, শেখ জামিরুল ইসলা জামিল, মেহেদী হাসান সোহাগ প্রমুখ মেডিকেল ক্যাম্প উদ্বোধনকালে উপস্থিত ছিলেন।

দুপুর ১২টায় কেসিসি প্রশাসক নজরুল ইসলাম মঞ্জু নগরীর আহসান আহমেদ রোডের আজিজ চেম্বারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফিতা কাটার মধ্য দিয়ে খুলনায় 'পিয়ারলেস হাসপাতাল কলকাতা'-এর তথ্য সেবা কেন্দ্রের শুভ উদ্বোধন করেন। স্বাস্থ্যসেবা আরও সহজলভ্য করার লক্ষ্যে হাসপাতালটি খুলনায় এ তথ্য সেবা কেন্দ্র চালু করেছে।

হেলথ প্লাস বিডি-এর পরিচালক আশীষ দে এবং পিয়ারলেস হাসপাতাল-কলকাতার আন্তর্জাতিক মার্কেটিং ম্যানেজার নির্ঝর ঘোষ এর পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা জেলা পরিষদের প্রশাসক এস. এম মনিরুল হাসান বাপ্পি এবং পিয়ারলেস হাসপাতালের গ্রুপ মার্কেটিং হেড ইন্দ্রজিৎ ব্যানার্জি।

তথ্য সেবা কেন্দ্রটি চালু হওয়ার ফলে খুলনার রোগীরা এখন সহজেই কলকাতায় যাওয়ার পূর্বে ডাক্তারের অগ্রিম অ্যাপয়েন্টমেন্ট, চিকিৎসা পরামর্শ, আনুমানিক খরচ এবং ভিসা সংক্রান্ত যাবতীয় তথ্য ও সহযোগিতা সরাসরি খুলনা থেকেই পাবেন বলে অনুষ্ঠানে বক্তারা বলেন।

# চট্টগ্রাম বন্দরে নিলাম-অযোগ্য ১২৬ কনটেইনার পণ্য ধ্বংস করা হচ্ছে

নিজস্ব প্রতিনিধি

চট্টগ্রাম কাস্টমস হাউস বন্দরে দীর্ঘদিন ধরে পড়ে থাকা নিলাম-অযোগ্য, নিম্নমানের ও মেয়াদোত্তীর্ণ ১২৬টি কনটেইনারে রক্ষিত মোট ৩ হাজার ২৬৮ টন পণ্য পরিবেশসম্মত উপায়ে ধ্বংস করা হচ্ছে।

গতকাল জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়।

ধ্বংসযোগ্য পণ্যসমূহের মধ্যে রয়েছে ৩৪ কনটেইনার নিম্নমানের খেজুর, ৪০ কনটেইনার মেয়াদোত্তীর্ণ সোডা অ্যাশ, ১৮ কনটেইনার মেয়াদোত্তীর্ণ ফিড গ্রেড লাইম স্টোন এবং অন্যান্য পচনশীল ও নষ্ট পণ্য যেমনড়কমলা, পেঁয়াজ, কাজুবাদাম (কেশনাট) ইত্যাদি।

গতকাল সোমবার সকাল ১০টা থেকে চট্টগ্রাম বন্দর রিপাবলিক ক্লাবের পেছনের নির্ধারিত স্থানে এ ধ্বংস কার্যক্রম শুরু হয়েছে, যা নিরবচ্ছিন্নভাবে পরিচালিত হচ্ছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বিজিবি, আনসার সদস্য এবং স্থানীয় বন্দর থানা পুলিশের একটি দল সরেজমিনে উপস্থিত




থেকে পুরো ধ্বংস কাজের নিরাপত্তা নিশ্চিতকরণসহ সার্বিক সহায়তা প্রদান করছেন।

চট্টগ্রাম কাস্টমস হাউস পরিচালিত পচনশীল ও ক্ষতিকর পণ্য ধ্বংসের এ কার্যক্রম চট্টগ্রাম বন্দরের কনটেইনার জট নিরসনে অত্যন্ত কার্যকরী অবদান রাখবে বলে আশা প্রকাশ করছে জাতীয় রাজস্ব বোর্ড।

চট্টগ্রাম বন্দরের সার্বিক নিরাপত্তা ও পরিবেশ সুরক্ষা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সব সংস্থার সহযোগিতায় বন্দরে দীর্ঘদিন ধরে পড়ে থাকা নিলাম-অযোগ্য এবং ধ্বংসযোগ্য পণ্যসমূহ পর্যায়ক্রমে ধ্বংস করার এ প্রক্রিয়া জরুরি ভিত্তিতে অব্যাহত থাকবে।

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে 'Career GPS' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

নজমুল হক, গাজীপুর

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব বিজনেস স্টাডিজের উদ্যোগে শিক্ষার্থীদের ক্যারিয়ার সচেতনতা বৃদ্ধি এবং একবিংশ শতাব্দীর কর্মক্ষেত্রের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রয়োজনীয় দক্ষতা অর্জনে সহায়তা করতে ' Career GPS: Navigating Sectors, SWOT Analysis, and Your 21st Century Skillset ' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৫ আগস্ট) সকালে বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে তিন ঘণ্টাব্যাপী এ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে ফ্যাকাল্টি অব বিজনেস স্টাডিজের অন-ক্যাম্পাস বিবিএ প্রোগ্রাম এবং বিবিএ ইন ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের প্রায় ৮০ জন শিক্ষার্থী অংশ নেন। বিশ্ববিদ্যালয়ের ডিন ও শিক্ষকসহ সংশ্লিষ্টরা কর্মশালায় উপস্থিত ছিলেন।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ আলী জিন্নাহ। তিনি বলেন, "একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় শিক্ষার্থীদের যোগ্য ও দক্ষ করে গড়ে তোলা জরুরি। প্রয়োজনীয় দক্ষতা ছাড়া কর্মক্ষেত্রে সফলতা অর্জন কঠিন। এ কারণে শিক্ষার্থীদের ভবিষ্যৎ কর্মজীবনের উপযোগী করে তুলতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের কারিকুলাম




বিভিন্ন ধরনের দক্ষতাকে গুরুত্ব দিয়ে নতুনভাবে সাজানো হচ্ছে।"বিশেষ অতিথির বক্তব্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর মো. লুৎফর রহমান বলেন, "হার্ড স্কিল ও সফট স্কিলের মধ্যে ভারসাম্য রেখে শিক্ষার্থীদের দক্ষ করে গড়ে তুলতে পারলে তাঁরা চাকরির বাজারে ভালো অবস্থান তৈরি করতে পারবেন।" এ ধরনের কর্মশালার মাধ্যমে বিজনেস স্টাডিজের শিক্ষার্থীরা উপকৃত হবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

বিশেষ অতিথির বক্তব্যে ট্রেজারার অধ্যাপক ড. মো. নাজমুল হোসাইন বলেন, "বৈশ্বিক বাজারের চ্যালেঞ্জ মোকাবেলায় সফট স্কিলের পাশাপাশি হার্ড স্কিল প্রয়োজন। তাই শিক্ষার্থীদের হার্ড ও সফট উভয় ধরনের দক্ষতায় দক্ষ করে গড়ে তুলতে হবে।"ফ্যাকাল্টি অব বিজনেস স্টাডিজের চেয়ারম্যান এস. এম. মুজাহিদুল ইসলামের সভাপতিত্বে কর্মশালাটি পরিচালনা করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক মো. নাহিদ মিয়া। ক্যারিয়ার পরিকল্পনা, বিভিন্ন কর্মক্ষেত্রের সম্ভাবনা, SWOT Analysis এবং একবিংশ শতাব্দীর কর্মক্ষেত্রে প্রয়োজনীয় দক্ষতা নিয়ে তিনি প্রেজেন্টেশন উপস্থাপন করেন। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের ডিন, ফ্যাকাল্টির শিক্ষক এবং সংশ্লিষ্ট বিভাগের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

# পরিচ্ছন্নতায় গাফিলতি হলে কঠোর ব্যবস্থা কোনো অজুহাত চলবে না - ডিএসসিসি প্রশাসক

নিজস্ব প্রতিনিধি



নগরীর পরিচ্ছন্নতা জোরদার, বর্জ্য ব্যবস্থাপনায় শৃঙ্খলা আনয়ন এবং মশকনিধন ও জলাবদ্ধতা নিরসনে 'জিরো টলারেন্স' নীতি ঘোষণা করেছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) প্রশাসক মো. আবদুস সালাম। তিনি স্পষ্ট জানিয়ে দিয়েছেন, পরিচ্ছন্নতা কার্যক্রমে কোনো অজুহাত গ্রহণযোগ্য হবে না এবং দায়িত্বে গাফিলতি পাওয়া গেলে বিধি অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। গতকাল মঙ্গলবার নগর ভবনে বর্জ্য ব্যবস্থাপনা, মশকনিধন ও জলাবদ্ধতা দূরীকরণ তদারকি কমিটির সদস্য, পরিচ্ছন্নতা পরিদর্শক ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে আয়োজিত এক সমন্বয় সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সভায় ডিএসসিসি প্রশাসক বলেন, পরিচ্ছন্নতা নিশ্চিত করা সিটি করপোরেশনের অন্যতম মৌলিক দায়িত্ব। নগরীর কোথাও পরিচ্ছন্নতা নিয়ে অভিযোগ পাওয়া গেলে বা অহেতুক বিলম্ব হলে তা বরদাশত করা হবে না। নির্ধারিত সময়ে বর্জ্য অপসারণে ব্যর্থতা বা কর্তব্যে অবহেলা প্রমাণ হলে সংশ্লিষ্টদের চাকরি বিধিমালা অনুযায়ী কড়া জবাবদিহি ও শাস্তির আওতায় আনা হবে। একই সঙ্গে যত্রতত্র ময়লা-আবর্জনা ফেলার বিষয়ে নগরবাসীকে সতর্ক করে প্রশাসক বলেন, পরিবেশ নোংরা করার সুযোগ কাউকে দেওয়া হবে না। রাস্তাঘাট, ফুটপাত কিংবা খোলা স্থানে আইন অমান্য করে ময়লা ফেললে আইন অনুযায়ী জরিমানা ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সভায় প্রশাসক মাঠপর্যায়ে নিয়মিত মনিটরিং নিশ্চিত করা, নাগরিক অভিযোগ দ্রুত নিষ্পত্তি এবং বর্জ্য ব্যবস্থাপনা, মশকনিধন ও জলাবদ্ধতা নিরসন দলের মধ্যে পারস্পরিক সমন্বয় বাড়িয়ে কাজ করার জন্য কর্মকর্তাদের নির্দেশ দেন। সভায় ডিএসসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব, তদারকি কমিটির আহ্বায়ক ও সদস্যবৃন্দ এবং বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

# 'আমাদের চট্টগ্রাম' অ্যাপে অভিযোগ চসিকের উচ্ছেদ অভিযান

নিজস্ব প্রতিনিধি

'আমাদের চট্টগ্রাম' অ্যাপে নাগরিকদের দেওয়া অভিযোগের ভিত্তিতে নগরীর ২২ নম্বর এনায়েত বাজার ও ১৬ নম্বর ওয়ার্ডের দেবপাহাড় এলাকায় উচ্ছেদ অভিযান পরিচালনা করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক)। গতকাল মঙ্গলবার (২৫ আগস্ট) পরিচালিত অভিযানে সড়ক ও ফুটপাত দখল করে গড়ে ওঠা অবৈধ স্থাপনা ও দখলদারিত্ব উচ্ছেদ করে ফুটপাত দখলমুক্ত করা হয়। এর ফলে পথচারীদের চলাচলের জন্য ফুটপাত উন্মুক্ত হয়েছে এবং সংশ্লিষ্ট এলাকায় জনসাধারণের চলাচলে স্বস্তি ফিরেছে। চসিকের 'আমাদের চট্টগ্রাম' অ্যাপের মাধ্যমে নগরবাসীর কাছ থেকে প্রাপ্ত বিভিন্ন নাগরিক অভিযোগকে গুরুত্ব দিয়ে সংশ্লিষ্ট এলাকায় দ্রুত কার্যকর ব্যবস্থা নেওয়া হচ্ছে। এরই ধারাবাহিকতায় এ অভিযান পরিচালনা করা হয়।

# জাতীয়তাবাদী কর্মজীবী দলের পূর্ণাঙ্গ কমিটির সভাপতি রেজাউল কবির ও সম্পাদক বাবুল হাওলাদার

নিজস্ব প্রতিনিধি




গত সোমবার ২৪ আগস্ট ২০২৬ বাংলাদেশ জাতীয়তাবাদী কর্মজীবী দল কেন্দ্রীয় কমিটির সভাপতি সালাহউদ্দিন খান পিপিএম ও সাধারণ সম্পাদক আলতাফ হোসেন সরদারের অনুমোদনক্রমে বাগেরহাট জেলা শাখার বাংলাদেশ জাতীয়তাবাদী কর্মজীবী দলের ৯২ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি অনুমোদন সভাপতি রেজাউল কবির (রতন) সিনিয়র সহ-সভাপতি শেখ আসাদুজ্জামান, সাধারণ সম্পাদক মোঃ বাবুল হাওলাদার, সাংগঠনিক সম্পাদক এমদাদুর রহমান ( সাগর) প্রচার সম্পাদক আক্কাস নকিব ,দপ্তর সম্পাদক রেজাউল করিম খোকন।

এসময় সংগঠনের সাধারণ সম্পাদক আলতাফ হোসেন সরদার বলেন এই সংগঠন হাঁটি হাঁটি পা করে দীর্ঘ আন্দোলন সংগ্রামে ফ্যাসিস্ট হাসিনার সকল অত্যাচার নির্যাতন এর মাধ্যমেই এই সংগঠনের পথ চলা বাগেরহাট জেলার যে সকল থানা কমিটি গুলো হবে জাতীয়তাবাদী শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আদর্শ ধারণ করে তারা এই কমিটিতে স্থান পাবে সেখানে যেন কোন ফ্যাসিস্টের দোসর স্থান না পায় যদি এমন কোন প্রমাণিত হয় জেলা ও উপজেলা কমিটি ভেঙ্গে দিয়ে তাদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে জাতীয়তাবাদী কর্মজীবী দল আস্থা ও বিশ্বাস বিএনপির চেয়ারম্যান তরুনেরাই তরুণ্যের আইকন মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমানের হাতকে শক্তিশালী করবে এবং জাতীয়তাবাদী শক্তি আরও বেগবান করার লক্ষ্যে কর্মজীবী দল এগিয়ে যাবে।

# বরিশালে প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা ও শিশুর মনোসামাজিক সুরক্ষা বিষয়ক প্রশিক্ষণ

নিজস্ব প্রতিনিধি




জেলায় ৩ দিনব্যাপী 'প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা ও শিশুর মনোসামাজিক সুরক্ষা' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন বরিশাল আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র ২৩ থেকে ২৫ আগস্ট 'প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা ও শিশুর মনোসামাজিক সুরক্ষা' বিষয়ক এ প্রশিক্ষণের আয়োজন করে।

গতকাল মঙ্গলবার সকাল ৯টায় আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে ৩ দিনব্যাপী এ প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মশালায় শিশুদের নিরাপত্তা, যত্ন, সুরক্ষা এবং প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা আরও কার্যকর ও মানসম্মত করার বিষয় আলোকপাত করেন, প্রধান অতিথি বিভাগীয় কমিশনার খলিল আহমেদ।

প্রধান অতিথি বলেন, জন্ম, ধর্ম, বর্ণ কিংবা সামাজিক পরিচয়ের ভিত্তিতে মানুষের মধ্যে কোনো ভেদাভেদ থাকা উচিত নয়। পৃথিবীর সব মানুষ সমান মানবিক মর্যাদা নিয়ে বেঁচে থাকার অধিকার রাখে। মানুষে মানুষে যে পার্থক্য ও বিভাজন বিদ্যমান, তার অধিকাংশই সমাজ ও মানুষের তৈরি। তাই আমাদের প্রত্যেকের উচিত মানুষকে প্রথমে মানুষ হিসেবে মূল্যায়ন করা।

প্রশিক্ষণের গুরুত্ব তুলে ধরে প্রশিক্ষণার্থীদের উদ্দেশে তিনি বলেন, প্রশিক্ষণের মাধ্যমে শিশুদের প্রতি আরও দায়িত্বশীল ও মানবিক আচরণ, তাদের অধিকার রক্ষা এবং ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে কার্যকর পদক্ষেপ গ্রহণের সক্ষমতা বৃদ্ধি করা সম্ভব। প্রতিটি শিশু যেন নিরাপদ, সুরক্ষিত পরিবেশে বেড়ে উঠতে পারে এবং প্রতিষ্ঠানগুলো শিশুদের জন্য একটি আস্থার জায়গা হিসেবে গড়ে ওঠে সেলক্ষ্যে আমাদের সবাইকে আন্তরিকভাবে কাজ করতে হবে। মানবিক মূল্যবোধকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়ে বিভাগীয় কমিশনার খলিল আহমেদ বলেন, সমাজে বিভেদ নয়, পারস্পরিক শ্রদ্ধা, সহমর্মিতা ও সম্প্রীতি প্রতিষ্ঠা করতে হবে। মানুষকে মানুষ হিসেবে দেখার এই দৃষ্টিভঙ্গিই পারে ধর্ম-বর্ণ ও সামাজিক বিভাজনের ঊর্ধ্বে উঠে একটি মানবিক, বৈষম্যহীন ও সম্প্রীতিপূর্ণ সমাজ গড়ে তুলতে।

উল্লেখ্য, প্রশিক্ষণে ৩০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে ৩জন শ্রেষ্ঠ প্রশিক্ষণার্থীদের মাঝে পুরস্কার প্রদান করা হয়।

আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ সাজ্জাদ পারভেজের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের পরিচালক শাহ মো. রফিকুল ইসলাম, জেলা সমাজসেবা কার্যালয় উপ-পরিচালক শাহজাদী আক্তার, হাসপাতাল সমাজসেবা কার্যালয়ের সমাজসেবা কর্মকর্তা দিলরুবা রইচি, শহর সমাজসেবা কার্যালয়ের সমাজসেবা কর্মকর্তা শেখ জহির উদ্দিন আহম্মদ, জেলা সমাজসেবা কার্যালয়ের কর্মকর্তা ইসমত আরা খানম ও সরকারি শিশু পরিবার বালিকা উপ-তত্ত্বাবধায়ক ফারজানা রহমান।

অনুষ্ঠান সঞ্চালনা করেন, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের লেকচারার মোসা. সামসুন্নাহার। এ সময় বিভিন্ন ক্যাটাগরির প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীরা উপস্থিত ছিলেন।

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
OFFICE OF THE EXECUTIVE ENGINEER
EDUCATION ENGINEERING DEPARTMENT
KUSHTIA.
Website: eed.kushtia.gov.bd

Memo No: EED/KUS/15POLY/2026-27/WR-02/WD-12 Date: 25/08/2026

e-Tender Notice No: 07/2026-27
Open Tendering Method

This is to notify all concerned that e-Tender is invited in the National e-GP System Portal (http://www.eprocure.gov.bd) for the Procurement of following works. Details are given below:

| SL No | Tender ID No. | Package No. | Name of Work | Document Last selling (Date & Time) | Tender Closing (Date & Time) |
|---|---|---|---|---|---|
| 01 | 1322217 | EED/KUS/15POLY/2026-27/WR-02/WD-12 | CONSTRUCTION OF 10-STORIED ACADEMIC CUM WORKSHOP BUILDING WITH 10-STORIED FOUNDATION INCLUDING SANITARY, WATER SUPPLY, FIRE FIGHTING & ELECTRIFICATION WORKS AT KUSTIA POLYTECHNIC INSTITUTE, KUSTIA. (Pile Foundation) | 23-Sep-2026 17:00 | 24-Sep-2026 17:00 |

The interested persons/firms may visit website (http://www.eprocure.gov.bd) to get the details of the Tender. This is an Online Tender, where only e-Tender will be accepted in the National e-GP Portal and no Offline/Hard copies will be accepted. To Submit e-Tender registration in the National e-GP portal (http://www.eprocure.gov.bd) is required. Further information & guidelines are available in the National e-GP System Portal and from e-GP Helpdesk; (helpdesk@eprocure.gov.bd).

25/08/26
(Md. Kamrul Ahasan)
Executive Engineer
Education Engineering Department
Kushtia.
Email: ee_kus@eedmoe.gov.bd

জিএড নং-৩৬৯/২৬ (৪˝x৪)/ক

# বিজয়নগর শাখার উদ্যোগে বিশেষায়িত বিদ্যালয়ে স্টুডেন্ট ব্যাংকিং ও বৃক্ষরোপণ কর্মসূচি

নিজস্ব প্রতিনিধি

ঢাকা সরকারি বধির উচ্চ বিদ্যালয়ে স্টুডেন্ট ব্যাংকিং ও এনসিসি নিশর্গ বৃক্ষরোপণ কর্মসূচি আয়োজন করেছে বিজয়নগর শাখা। আজ আয়োজিত এ কর্মসূচিতে শ্রবণ ও বাকপ্রতিবন্ধী শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে। কর্মসূচিতে শিক্ষার্থীদের মাঝে উপহার, নাশতা ও বিভিন্ন ধরনের গাছের চারা বিতরণ করা হয়। এতে শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক আনন্দ ও উৎসাহ দেখা যায়। পাশাপাশি বিদ্যালয়ের শিক্ষক ও অভিভাবকরাও কর্মসূচিটির প্রশংসা করেন এবং এতে তাদের আগ্রহের কথা জানান। আয়োজকরা আশা প্রকাশ করেন, এ উদ্যোগের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে স্টুডেন্ট ব্যাংকিং হিসাব খোলার আগ্রহ তৈরি হবে এবং ছোটবেলা থেকেই সঞ্চয়ের অভ্যাস গড়ে উঠবে। একই সঙ্গে সুবিধাবঞ্চিত এসব শিক্ষার্থীর মধ্যে আর্থিক সচেতনতা ও সঞ্চয়ের অভ্যাস তৈরি হলে ভবিষ্যতে তাদের আর্থিক সক্ষমতা ও স্বনির্ভরতা বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।



শিক্ষার্থীদের আর্থিক সচেতনতা বৃদ্ধির পাশাপাশি পরিবেশের প্রতি দায়িত্বশীলতা তৈরির লক্ষ্যেও বৃক্ষরোপণ কর্মসূচিটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

বিজয়নগর শাখার পক্ষ থেকে জানানো হয়, শিক্ষার্থী ও তাদের পরিবারের জীবনে ইতিবাচক পরিবর্তন আনতে ভবিষ্যতেও এ ধরনের অর্থবহ ও জনকল্যাণমূলক উদ্যোগ অব্যাহত রাখার প্রত্যাশা রয়েছে।

# সীমান্তবর্তী এলাকার যুবকদের স্বাবলম্বী করতে বিজিবি'র প্রশিক্ষণ

নিজস্ব প্রতিনিধি

জেলায় গতকাল সীমান্তবর্তী এলাকার বেকার যুবকদের আত্মকর্মসংস্থান ও স্বাবলম্বী করতে বিজিবি'র জয়পুরহাট ব্যাটালিয়নের (২০ বিজিবি) উদ্যোগে হাঁস-মুরগি পালনের ওপর চার সপ্তাহব্যাপী বিশেষ প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। আজ মঙ্গলবার সকালে পাঁচবিবি বিজিবি'র বিশেষ ক্যাম্পে সমাপনী অনুষ্ঠানের মধ্য দিয়ে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র ও প্রয়োজনীয় সামগ্রী বিতরণ করা হয়। সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিজিবি'র দিনাজপুর সেক্টরের সেক্টর কমান্ডার কর্নেল মোহাম্মদ ফয়সল হাসান খান। এ সময় বিজিবি'র জয়পুরহাট ব্যাটালিয়নের (২০ বিজিবি) অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ লতিফুল বারী সহ স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তি ও সাংবাদিকরা উপস্থিত ছিলেন।